

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
www.birtan.gov.bd


কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২.০৯.০০০০.০০১.১৯.০০১.২১-১৮৩১

তারিখঃ ১৪ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা পদে পিএইচডি থাকা সাপেক্ষে অভিজ্ঞতার যোগ্যতা শিথিল প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এ সম্প্রতি প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা পদের যোগ্যতা “সরকারী বা আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ব্যবস্থাপনা বিষয়ে প্রথম শ্রেণির পদে ১২ (বার) বৎসরের চাকুরি; তবে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য” হিসেবে বারটান প্রবিধানে অন্তর্ভুক্ত রয়েছে। বর্ণিতাবস্থায়, অনলাইনে আবেদনের ক্ষেত্রে কোনো প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকলে অভিজ্ঞতা সংক্রান্ত যোগ্যতা শিথিল করে আবেদন গ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, পিএইচডি ডিগ্রিধারীদের অভিজ্ঞতা কত বছর পর্যন্ত শিথিল করে অ্যাডমিট কার্ড প্রদান করা হবে, তাঁর চূড়ান্ত সিদ্ধান্ত সংশ্লিষ্ট নিয়োগ কমিটি গ্রহণ করবেন।



(সৈয়দ সাব্বির আহমেদ)

জনসংযোগ কর্মকর্তা (প্রশাসন)

E-mail: pro@birtan.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক

টেলিটক বাংলাদেশ লিমিটেড

রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১০ম তলা)

হোল্ডিং#৩/এ, ৫/এ, ৭/এ, রোড#১৭, গুলশান-১, ঢাকা-১২১২।

(দৃষ্টি আকর্ষণঃ ডেপুটি জেনারেল ম্যানেজার, মার্কেটিং এন্ড ভ্যাস, টেলিটক বাংলাদেশ লিমিটেড)

অনুলিপি:

০১। মোঃ খোরশেদ আলম এনডিসি, নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বারটান।